Bengali

The **Children's** Service in **Haringey**

উজ্জ্বল ভবিষ্যৎ

হ্যারিংগ্যে'র ১১ – ১৯ বছর বয়সী
তরুণ-তরুণীদের জন্য
সংগঠিত কর্মকৌশলের
কার্যনির্বাহী সারসংক্ষেপ

HARINGEY COUNCIL

www.haringey.gov.uk

উজ্জ্বল ভবিষ্যৎ (Bright Futures) **হ্যারিংগ্যে'র ১১ - ১৯ বছর বয়সী তরুণ-তরুণীদের জীবনে সাফল্য অর্জনের সম্ভাবনা বৃদ্ধি করার উদ্দেশ্যে গৃহীত একটি কর্মকৌশল। এটা এই পাঁচটি উপাদানকে ঘিরে সংগঠিত :**

- **হ্যারিংগ্যে এলাকার তরুণ-তরুণীরা**
- **হ্যারিংগ্যে এলাকায় শিক্ষালাভ ও শিক্ষাদান**
- **হ্যারিংগ্যে'র নেতৃত্বদানকারী ভূমিকা**
- **হ্যারিংগ্যে'র মা-বাবারা ও জনসম্প্রদায়**
- **হ্যারিংগ্যে'র স্কুল**

"আমাদের ভবিষ্যৎ পরিকল্পনার অন্তর্গত উপাদানগুলি হলো সফল স্কুল, বিভিন্ন স্থানীয় জনসম্প্রদায়ের আস্থা অর্জন, স্থানীয় শিশুদের ও তরুণ-তরুণীদের জীবনের নানা সম্ভাবনা পূরণের সুযোগ সর্বাধিক করা, স্থানীয় এলাকার কল্যাণসাধন ও ঐক্যবিধান নিশ্চিত করা এবং রাজধানীর অন্যান্য সমস্ত এলাকার সম্ভাব্য যোগাযোগের সূত্র থেকে লাভবান হওয়া। জীবনযাপনের সমস্ত মান আমরা আরো উন্নত করতে চাই এবং আমাদের সমস্ত শিশুদের ও তরুণ-তরুণীদের এই প্রক্রিয়ার অন্তর্ভুক্তিকরণ নিশ্চিত করতে চাই। আমাদের বিশ্বাস যে তাদের ন্যূনতম অধিকার এর চেয়ে কিছুমাত্র কম নয়।"

এই ভবিষ্যৎ পরিকল্পনার বাস্তবায়নের উদ্দেশ্যে আমাদের অঙ্গীকার এবং সমস্ত শিশু ও তরুণ-তরুণীর ভবিষ্যতের সঙ্গে আমাদের মধ্যে যাদের স্বার্থ জড়িত তাদের সকলের সঙ্গে সহযোগিতার এক শক্তিশালী সম্পর্ক গড়ে তোলার জন্য কঠোর পরিশ্রম করে' চলায় আমাদের প্রতিজ্ঞা পূরণ করার আশ্বাস আমরা পুনরায় ঘোষণা করছি।

সর্বোপরি আমরা যা যা করতে চাই :

- একবিংশ শতকের জন্য সমৃদ্ধ, পরস্পর নির্ভরশীল এবং সংরক্ষণযোগ্য জনসম্প্রদায়সমূহ গড়ে তোলার উদ্দেশ্যে অসুবিধাগ্রস্ত পরিস্থিতি এবং সাফল্য অর্জনের ক্ষমতার অভাবের মধ্যে যোগসূত্রকে চূড়ান্তভাবে বিচ্ছিন্ন করা;

- সর্বোচ্চ মান অর্জনে, সমস্ত ক্ষেত্রের জন্য সম্পূর্ণ উপযোগী হওয়ায়, শিক্ষার্থীদের আশা-আকাঙ্খা ও সাফল্যকে অগ্রাধিকার প্রদানে এবং জনসম্প্রদায়ের ঐক্য ও বর্ণসাম্যবিধানে অবদান রাখায় সেকেন্ডারী স্কুলগুলিকে সহায়তা দেওয়া;

- দুর্বল, অসহায় ব্যক্তিদের ও গোষ্ঠিদের জন্য ফলাফলের রূপান্তর ঘটানো;

- প্রতিবেশী এলাকার পুনরুজ্জীবনে এবং তরুণ-তরুণীদের কল্যাণবিধানে সহায়তাদানকারী ব্যাপকতর কর্মসূচির বাস্তবায়নে সেকেন্ডারী স্কুলগুলিকে সক্ষম করা;

- তরুণ-তরুণীদের ভবিষ্যতের সঙ্গে আমাদের যে'সব সহযোগীর স্বার্থ জড়িত তারা যেন তরুণ-তরুণীদের সবচেয়ে ভালো সুযোগ সরবরাহ করার উদ্দেশ্যে পরস্পরের সঙ্গে মিলে কাজ করে' যেতে পারে সে'জন্য তাদের সহায়তা দেওয়া;

- তরুণ-তরুণীদের সহায়তাদান করে' থাকে এমন পরিষেবাগুলিতে বিনিয়োগ করা।

উজ্জ্বল ভবিষ্যৎ কর্মকৌশল এমন পাঁচটি উপাদানকে ঘিরে সংগঠিত যাদের প্রত্যেকটিই এই রূপান্তর প্রক্রিয়ায় অবদান রাখতে পারে।

উপাদান ১ :
হ্যারিংগ্যে এলাকার তরুণ-তরুণীরা

হ্যারিংগ্যে এলাকার তরুণ-তরুণীদের **বৈচিত্র্য, সাফল্য ও সমাজজীবনে অন্তর্ভুক্তিকে** আমরা যে কেবল স্বীকৃতিদান ও সমর্থন করি তা নয়, সেই সাথে **রাজধানীর এমন একটা বৈচিত্র্যপূর্ণ বারা'য় বড় হয়ে ওঠার পথে যে'সব চ্যালেঞ্জের মুখোমুখী তাদের হতে হয়** সেগুলিকেও আমরা স্বীকার করি। **তাদের আশা-আকাঙ্খার স্তর বাড়াতে এবং তাদের সাফল্যের মান আরো উন্নত করতে** তরুণ-তরুণীদের সক্ষম করার মাধ্যমে আমরা ভবিষ্যতের জন্য পরিকল্পনা নির্ধারণের চেষ্টা করি।

তরুণ-তরুণীদের বক্তব্য ও মতামত প্রকাশ করার অধিকার নিশ্চিত করার চেষ্টাও আমরা করি, **সক্রিয় নাগরিক** হয়ে ওঠায়, স্বাধীনভাবে সিদ্ধান্ত নেওয়ায় এবং সমাজজীবনে গঠনমূলক অবদান রাখায় তাদের উৎসাহদান করি।

বিভিন্ন ফলাফল

- শিশু ও তরুণ-তরুণীদের কর্মকৌশলগত অংশিদারিত্বের (Children and Young People's Strategic Partnership) মাধ্যমে নিশ্চিত করা যে বিভিন্ন পরিষেবা যেন তরুণ-তরুণীদের সুস্থ ও নিরাপদ থাকায়, জীবনকে উপভোগ ও সাফল্য অর্জন করায়, সমাজজীবনে গঠনমূলক অবদান রাখায় এবং অর্থনৈতিক কল্যাণ অর্জন করায় সক্ষম করতে পারে। বিশেষ করে', স্থানীয় নিরাপত্তাবিধানের মাধ্যমে চিলড্রেন বোর্ড (Children Board) নিশ্চিত করে যে তরুণ-তরুণীরা যেন স্কুলে নিরাপদ থাকতে পারে।

- তরুণ-তরুণীদের মতামত শোনা, যাতে নিশ্চিত করা যায় যে আমাদের সেবাগুলি যেন আমরা তাদের বিভিন্ন চাহিদা পূরণের উপযোগী করে' সংগঠিত করতে পারি, তাদের আশা-আকাঙ্খা পূরণ করায় এবং নিরাপদ ও নিশ্চিন্ত থাকায় তাদের সাহায্য করতে পারি।

- একটা ইয়াং পীপল'স্ পার্লামেন্ট (Young People's Parliament) গঠন করা এবং একজন ইয়াং মেয়র (Young Mayor) নির্বাচন করা যাতে সমস্ত তরুণ-তরুণীর জন্য সমাজজীবনে গঠনমূলক অবদান রাখার সুযোগের প্রসার ঘটানো যায়।

- তরুণ-তরুণীদের জন্য সুযোগের সৃষ্টি এবং উন্নতির উদ্দেশ্যে শক্তিশালী অংশিদারিত্ব রচনা করা এবং সর্বোত্তম সুযোগ-সুবিধা সরবরাহ করা।

- বেসরকারী, নিরপেক্ষ তথ্য, পরামর্শ এবং নির্দেশ তরুণ-তরুণীদের জন্য সহজলভ্য করে' তোলা।

- হ্যারিংগ্যে ইয়ুথ সার্ভিস্ (Haringey Youth Service)-এ বিনিয়োগ করা যাতে এই পরিষেবা তরুণ-তরুণীদের জন্য আরো বেশী কাজ করত পারে।

- তরুণ-তরুণীদের জন্য ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেক্নোলজী (ICT) বা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের সুযোগ উল্লেখযোগ্যভাবে বাড়ানো, যাতে সঠিক বিষয় নির্বাচনে সাহায্যের জন্য তারা নানা ধরনের শিক্ষালাভ পদ্ধতি থেকে বেছে নিতে পারে এবং বহু ধরনের তথ্য ব্যবহারের সুযোগ পেতে পারে।

- তরুণ-তরুণীদের জন্য শিল্পকলা ও খেলাধুলার ক্ষেত্রে আরো বেশী সুযোগ সৃষ্টি করা যাতে রাজধানীতে তাদের জন্য যে'সব ব্যবস্থা রয়েছে সেগুলি থেকে তারা সম্পূর্ণভাবে উপকৃত হতে পারে।

উপাদান ২ :
হ্যারিংগ্যে এলাকায় শিক্ষালাভ ও শিক্ষাদান

আমরা এমন একটা **প্রাণবন্ত পাঠ্যক্রম** রচনা করতে চাই যা কৌতুহলী ও স্বেচ্ছা-প্রণোদিত শিক্ষার্থী হয়ে ওঠায়, আরো বেশী জানতে ও অর্জন করতে চাওয়ায়, এবং নিজেদের শিক্ষালাভ প্রক্রিয়াকে নিজেরাই পরিচালনা করার মতো উপকরণের অধিকারী হওয়ায় তরুণ-তরুণীদের অনুপ্রাণিত করবে।

উপরন্তু, আমরা **অত্যন্ত উদ্যোগী ও উপযুক্ত যোগ্যতাসম্পন্ন কর্মোদ্যোম** সংগঠিত করতে চাই যা তরুণ-তরুণীদের অনুপ্রাণিত করবে, তাদের সৃজনশীলতাকে আরো বাড়াবে এবং তাদের শিক্ষালাভে সহায়তা প্রদান করবে।

বিভিন্ন ফলাফল

- ICT ব্যবহারের হার উল্লেখযোগ্যভাবে বাড়ানোসহ, নানা ধরনের নতুন উদ্যোগ গ্রহণের মাধ্যমে হ্যারিংগ্যে'র তরুণ-তরুণীদের বিভিন্ন চাহিদা পূরণ করে' শিক্ষালাভ প্রক্রিয়ার রূপান্তরের সামনের সারিতে তাদের স্থাপন করা।

- প্রাইমারী ও সেকেন্ডারী শিক্ষার স্তরের মধ্যবর্তী পর্যায়ে শুরু করা নতুন কাজকর্মের ক্ষেত্রকে প্রসারিত করা, যাতে নিশ্চিত করা যায় যে সমস্ত তরুণ-তরুণী যেন তাদের সেকেন্ডারী স্কুলের গোড়ার দিকের বছরগুলিতে চমৎকার উন্নতি করতে পারে।

- কী স্টেইজ ৪ (Key Stage 4)-এর পাঠ্যক্রমের নমনীয়তাকে কী স্টেইজ ৩ (Key Stage 3)-এ প্রসারিত করা, বিশেষ করে' যে'সব তরুণ-তরুণীর শিক্ষার উপযুক্ত মান অর্জন না করতে পারার ঝুঁকি রয়েছে তাদের জন্য, এবং উচ্চতর মান অর্জনে সক্ষম ছাত্রদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ায় অগ্রাধিকার এবং তাদের সাফল্যের স্বীকৃতি প্রদান করা।

- ১৪ - ১৯ বছর বয়সীদের জন্য শিক্ষালাভের পথ ও স্থানের সংখ্যা যথেষ্ট বাড়ানো, যাতে আরো বেশী সংখ্যায় তরুণ-তরুণীরা তারা যা শিখছে তার দ্বারা অনুপ্রাণিত হয় এবং ১৬ বছর বয়সের পরেও শিক্ষালাভে নিযুক্ত থাকতে, অথবা লাভজনক প্রশিক্ষণ বা কর্মসংস্থানের সুযোগ পেতে, উৎসাহবোধ করে।

- পরিবর্ধিত স্কুলগুলির মাধ্যমে, স্কুল খোলা থাকার স্বাভাবিক সময়ের বাইরে শিক্ষালাভের আরো বেশী সুযোগ সৃষ্টি করা, বিশেষতঃ যে'সব তরুণ-তরুণীর বাড়িতে শিক্ষালাভের উপকরণ সীমিত তাদের জন্য।

- ২০১২ সালের অলীম্পিক ও প্যারা-অলীম্পিক ক্রীড়ানুষ্ঠানের দ্বারা অনুপ্রাণিত সুযোগ-সুবিধার ব্যাপকতর কর্মসূচির আওতায়, বৃত্তিমূলক প্রশিক্ষণলাভের আগ্রহ সৃষ্টি ও বজায় রাখার উদ্দেশ্যে খেলাধুলা ও শিল্পকলার চর্চায় উৎসাহ দেওয়া।

- সমস্ত কর্মীর মনোনয়ন, নিয়োগ ও পেশাদারী উন্নতির জন্য হ্যারিংগ্যে-কে এমন একটা উৎকর্ষের কেন্দ্রে পরিণত করা, যেখানে প্রতিটি স্কুলে প্রথম শ্রেণীর পেশাদার ব্যক্তিদের দল থাকবেন, এবং শিক্ষালাভে ও শিক্ষাদানে উৎকর্ষ অর্জনের সুযোগের প্রসারের সাথে সাথে তার জন্য আন্তরিক আগ্রহ প্রতিফলিত হবে।

- শিক্ষালাভ ও শিক্ষাদান প্রক্রিয়ার রূপান্তরের জন্য ICT ব্যবহার করা।

উপাদান ৩ :
হ্যারিংগ্যে'র নেতৃত্বদানকারী ভূমিকা

আমরা **বিশ্বমানের নেতাদের** সৃষ্টি করতে চাই যারা হবে **গভীর নীতিবোধসম্পন্ন**, যারা স্কুলের গণ্ডীর বাইরেও **বৃহত্তর জনসম্প্রদায়ের জন্য একটা ভূমিকা** পালন করতে পারবে এবং যারা এমন ধরনের **কলেজতুল্য ভঙ্গীর** নেতৃত্ব প্রদান করতে পারবে যা অন্যদেরও সক্ষম করে' তুলবে এবং **শক্তিশালী সহযোগিতামূলক সম্পর্ক গঠন করবে**।

বিভিন্ন ফলাফল

- স্কুলের নেতৃত্বদানকারী ভূমিকার সংগঠনে হ্যারিংগ্যে-কে একটা উৎকর্ষের কেন্দ্রে পরিণত করা।
- শক্তিশালী জনসম্প্রদায়ের নেতৃত্ব সংগঠিত করা, জনসম্প্রদায়ের সংহতি এবং বর্ণসাম্য প্রসারে যার একটা সুস্পষ্ট ভূমিকা থাকবে।
- স্কুলের স্ব-মূল্যায়ন এবং সহপাঠীদের পর্যালোচনা প্রক্রিয়াকে শক্তিশালী করা, যাতে প্রতিটি বালক-বালিকার উন্নতির উপরে ও তাদের বিভিন্ন চাহিদা যেভাবে পূরণ করা হচ্ছে তার উপরে সমস্ত স্তরেই নেতৃত্বের একটা জোরালো প্রভাব থাকে।
- হ্যারিংগ্যে'র তরুণ-তরুণীদের ভবিষ্যতের সঙ্গে যাদের স্বার্থ জড়িত আছে তাদের সকলের দায়বদ্ধতা নিশ্চিত করার জন্য একটা ১১ - ১৯ বছর বয়সীদের আলোচনাচক্র (11-19 Forum) প্রতিষ্ঠা করা।
- স্কুলের ব্যবস্থাপনায় সহায়তা দেওয়ার জন্য, স্থানীয় জনসম্প্রদায়ের এবং বৃহত্তর জগতের সঙ্গে যোগাযোগ রেখে চলার জন্য যেভাবে ICT ব্যবহার করা হয় তার রূপান্তর ঘটানো।

উপাদান ৪ :
হ্যারিংগ্যে'র মা-বাবারা ও জনসম্প্রদায়

অল্প বয়সী ছেলেমেয়েদের সফল শিক্ষায় আমরা **মা-বাবাদের/অভিভাবকদের সঙ্গে সহযোগিতার সম্পর্ক** স্থাপন করতে চাই এবং **স্থানীয় জনসম্প্রদায়গুলির** এবং তাদের সংগঠনগুলির সঙ্গে **শক্তিশালী কর্মসম্পাদন সম্পর্ক** গড়ে তুলতে চাই।

বিভিন্ন ফলাফল

- সিদ্ধান্ত গ্রহণকারী, শিক্ষার্থী ও শিক্ষাদানকারী এবং (স্কুলের) গভার্নার হওয়ায় মা-বাবাদের সহায়তাদান।
- স্কুলগুলির কাজকর্মে মা-বাবাদের আরো বেশী করে' জড়িত করার উদ্দেশ্যে সবচেয়ে কার্যকর আচরণবিধি বজায় রাখা এবং তার ক্ষেত্রকে প্রসারিত করা।
- পরিবর্ধিত স্কুলগুলির মাধ্যমে পারিবারিক ও প্রাপ্তবয়স্কদের শিক্ষার প্রসার ঘটানো।
- সম্পূরক এবং বিভিন্ন ভাষার মাধ্যমে শিক্ষাদানের ব্যবস্থা করে এমন স্কুলগুলিকে সহায়তা দেওয়া ও তাদের কাজে সাহায্য করা, ১১ - ১৯ বছর বয়সীদের আলোচনাচক্রে তাদের প্রতিনিধিত্ব করাসহ।
- নিশ্চিত করা যে সমস্ত তরুণ-তরুণী ও তাদের পরিবারবর্গ যেন উচ্চ মানের বেসরকারী তথ্য, পরামর্শ ও নির্দেশ, তৎসহ শিক্ষালাভের ও কর্মসংস্থানের সুযোগলাভের সঠিক পথ বেছে নেওয়ায় তরুণ-তরুণীদের জন্য পেশাগত পরামর্শ, তাদের নাগালের মধ্যে পেতে পারে।
- প্রতি স্কুলে পরিবর্ধিত স্কুল সেবাসমূহ সংগঠিত করার দ্বারা মা-বাবাদের ও জনসম্প্রদায়ের জন্য শিক্ষালাভের সুযোগ বৃদ্ধি করা।

উপাদান ৫ :
হ্যারিংগ্যে'র স্কুল

আমরা সমস্ত স্কুলের **পরিকাঠামো, সংগঠন ও পরিবেশের** উন্নতি করে' চলতে চাই যাতে তারা **একবিংশ শতকে শিক্ষালাভের** পরিবর্তনশীল প্রক্রিয়ায় সহায়তা দিতে পারে।

বিভিন্ন ফলাফল

- ২০০৭ সালের সেপ্টেম্বার মাসের মধ্যে বারা'র পূর্ব দিকের এলাকায় একটা নতুন সিক্সথ্ ফর্ম কেন্দ্র গঠন করা।
- ICT সরবরাহ ও তার ব্যবহারের রূপান্তর ঘটানোর উদ্দেশ্যে গোড়ার দিকেই উল্লেখযোগ্য বিনিয়োগ করা।
- পরিবর্ধিত সেবাসমূহ সরবরাহ করায় প্রতিটি সেকেন্ডারী স্কুলকে সক্ষম করা।
- বারা'র পূর্ব দিকের এলাকার স্কুলগুলিতে ছাত্র ভর্তির ফর্মের সংখ্যা কমানো যাতে ঐসব স্কুলে শিক্ষালাভে নিযুক্ত বালক-বালিকাদের বিভিন্ন জটিল চাহিদা তারা আরো ভালোভাবে পূরণ করতে পারে।
- 'সাফল্যের চাবিকাঠি' হিসাবে কাজ করতে পারে এমন স্কুলগুলির গঠন দিয়ে শুরু করা এবং সকলেই যার সুযোগ গ্রহণ করতে পারে এমন একটা শিক্ষার ক্ষেত্র স্থাপন করা।
- সমস্ত স্কুলকে বিএস্এফ্ (BSF) কর্মসূচির পরবর্তী পর্যায়ের অন্তর্ভুক্ত করা।
- একটা নতুন স্কুল গঠন করা যেটা ২০০৭ সালের সেপ্টেম্বার মাসে ইয়ার ৭ ছাত্রদের নিয়ে খুলবে।
- ২০০৮ সালের মধ্যে সমস্ত বিশেষ স্কুলকে মূলধারার সেকেন্ডারী স্কুলগুলির অন্তর্ভুক্ত করা।
- মানসিক প্রতিবন্ধকতার দরুণ মনের ভাব প্রকাশ করায় অক্ষম এমন ছাত্রদের জন্য কোন সেকেন্ডারী স্কুলে শিক্ষালাভের বিশেষ ব্যবস্থা স্থাপন করা।
- অন্ধ বা আংশিক দৃষ্টিশক্তিসম্পন্ন ছাত্রদের জন্য কোন সেকেন্ডারী স্কুলে শিক্ষার উন্নততর পরিবেশ রচনা করা।
- সামাজিক, মানসিক ও আচরণগত সমস্যা (SEBD) আছে এমন আরো বেশী সংখ্যক ছাত্র যাতে বহু-সংস্থাভিত্তিক সহায়তা লাভ করতে পারে সে'জন্য সেকেন্ডারী স্কুলগুলিতে উপযুক্ত ব্যবস্থা সংগঠিত করা।
- গুরুতর ধরনের সামাজিক, মানসিক ও আচরণগত সমস্যা (SEBD) আছে এমন ছাত্রদের জন্য বর্তমানের স্কুলের বাইরের ব্যবস্থার উন্নতি করে' অপেক্ষাকৃত কম সংখ্যক ছাত্রের জন্য কিছু অতি বিশেষ ধরনের সেবা সরবরাহের ব্যবস্থা করা।
- হ্যারিংগ্যে'র সেকেন্ডারী স্কুলগুলিতে বিশেষজ্ঞদের সংখ্যা ও ধরন বৃদ্ধি করা, এবং অন্যান্য স্কুলকেও এইসব সুবিধা ভোগ করার সুযোগ দেওয়া।
- শিক্ষকদের প্রাথমিক প্রশিক্ষণের এবং নিয়মিত পেশাগত উন্নতির জন্য দু'টি পর্যন্ত প্রশিক্ষণদান স্কুল স্থাপন করা।
- একটা নতুন ইয়ুথ সেন্টার বা যুবকেন্দ্র এবং ডিউক অভ্ এডিনবারা পুরস্কারের জন্য একটা কেন্দ্র খোলা।

এই পাঁচটি উপাদানে সহায়তা দেওয়ার উদ্দেশ্যে নীতি ও আচরণের নিম্নলিখিত ক্ষেত্রগুলির জন্য আমাদের বিস্তারিত পরিকল্পনা আছে :

- সাফল্য অর্জনের বর্তমান স্তর ও লক্ষ্যমাত্রাসমূহ
- বালক-বালিকাদের বিভিন্ন চাহিদার সঙ্গে পাঠ্যক্রমের সামঞ্জস্যবিধান
- সাফল্য অর্জনে ব্যর্থতার মোকাবেলা করা
- প্রতিটি শিশুই গুরুত্বপূর্ণ : শিশুদের জন্য পরিবর্তন
- অন্তর্ভুক্তিকরণ
- স্কুলের বিভিন্ন ব্যবস্থার বৈচিত্র্য
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
- কর্মসম্পাদনের নতুন পদ্ধতি এবং কন্টিনিউয়িং প্রোফেশন্যাল ডেভলাপ্‌মেন্ট (Continuing Professional Develpment) বা অব্যাহত পেশাগত উন্নতি
- হ্যারিংগ্যে'র নেতৃত্বের কর্মক্ষমতা
- কর্মসম্পাদনের সূচক, নজরদারী ও মূল্যায়ন

ভবিষ্যৎ সম্পর্কে সুস্পষ্ট দৃষ্টিভঙ্গী ও দিক্‌নির্দেশনা, শক্তিশালী নেতৃত্ব এবং প্রতিশ্রুতিবদ্ধ সহযোগীবৃন্দ হ্যারিংগ্যে'র আছে। পরিবর্তনের জন্য আমরা একটা উচ্চাকাঙ্খী কর্মসূচি রচনা করেছি। আমাদের সমস্ত আশা-আকাঙ্খা পূরণ করার মতো সঙ্কল্প ও প্রতিজ্ঞা আমাদের আছে, যাতে সাফল্য অর্জনের পথে প্রতিবন্ধকতাগুলি আমরা দূর করতে পারি এবং যে'সব শিশু ও তরুণ-তরুণীর জন্য আমরা কাজ করি তাদের জন্য বিভিন্ন ফলাফলের রূপান্তর আমরা ঘটাতে পারি।

এই সারসংক্ষেপ এবং/অথবা পূর্ণাঙ্গ প্রকাশনার কপি এখান থেকে সংগ্রহ করা যাবে :

ওয়েন্ডী ক্যুইলডান অথবা থেলমা অ্যস্টিন
Wendy Quildan or Thelma Austin
General Office
1st Floor
48 Station Road
Wood Green N22 7TY

020 8489 3893 / 3238

অথবা ই-মেইল : wendy.quildan@haringey.gov.uk অথবা thelma.austin@haringey.gov.uk

www.haringey.gov.uk/brightfutures

দ্য চিলড্রেন'স্ সার্ভিস্
ডিসেম্বার ২০০৫

© হ্যারিংগ্যে কাউন্সিল ২০০৫